গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ফেব্রুয়ারি, ২০২৪ সমন্বয় সভা অনুষ্ঠানের পূর্বপ্রস্তুতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ খায়রুল কবীর মেনন<br>অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| সভার তারিখ | ১২ ফেব্রুয়ারি ২০২৪ |
| সভার সময় | সকাল ১০.৩০টা |
| স্থান | কক্ষ নং-৩০৯, ভবন-৮, ৪র্থ তলা, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য উপসচিব (প্রশাসন-৩) শাখাকে অনুরোধ করেন। অতঃপর উপসচিব (প্রশাসন-৩) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ২.০ | **শূন্যপদে জনবল নিয়োগ :**<br>(ক) সুরক্ষা সেবা বিভাগের সরাসরি নিয়োগযোগ্য প্রশাসনিক কর্মকর্তার ২টি পদে ১৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে যোগদানের নির্দেশনা প্রদান করে ০৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।<br>(খ) জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের ৭টি ক্যাডার পদ ও সৃজনে সরকারি পত্র (জিও) জারির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>(গ) সুরক্ষা সেবা বিভাগের সাংগঠনিক কাঠামোতে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ গঠন এবং এর কার্যক্রম পরিচালনার জন্য রাজস্বখাতে ১৮টি পদ সৃজনের জি.ও পৃষ্ঠাংকনের জন্য এ বিভাগের ১৪ জানুয়ারি ২০২৪ তারিখের ৬/১ নং স্মারকমূলে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। অর্থ বিভাগের যাচিত তথ্যানুযায়ী বর্ণিত ১৮টি পদ সৃজনের জি.ও পৃষ্ঠাংকনের সুবিধার্থে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনের কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। বর্তমানে প্রধানমন্ত্রীর সারসংক্ষেপ প্রস্তুতের কার্যক্রম চলমান। | ১) সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের শূন্যপদের বিপরীতে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা কার্যপত্রে অন্তর্ভুক্ত করতে হবে।<br>**বাস্তবায়নে : প্রশাসন-১ শাখা/প্রশাসন-৩ শাখা** |
| ২.১ | **অনিষ্পন্ন বিষয়াদি :**<br>প্রশাসন-১ শাখা, প্রশাসন-২, প্রশাসন-৩, বাজেট-১ শাখা এবং বাজেট-২ শাখায় কোন অনিষ্পন্ন পত্র নেই। | ১) প্রশাসন-১/২/৩ এবং বাজেট-১/২ শাখায় পড়ে থাকা অনিষ্পন্ন পত্রসমূহের বিষয়ে সুনির্দিষ্ট তথ্যাদি কার্যপত্রে যথাযথভাবে অন্তর্ভুক্ত করতে হবে।<br><br>**বাস্তবায়নে : সংশ্লিষ্ট শাখা** |
| ২.২ | **শাখা পরিদর্শন :**<br>জনাব সেখ ফরিদ আহমেদ, উপসচিব, মুহাম্মদ শহিদ উল্লাহ, উপসচিব এবং জনাব আফরোজা আক্তার রিবা, উপসচিব কর্তৃক জানুয়ারি, ২০২৪-এ ৩টি শাখা পরিদর্শন করা হয়েছে। | ১) এতৎবিষয়ে প্রকৃত তথ্য সচিব মহোদয় বরাবর উপস্থাপনের নিমিত্ত কার্যপত্রে অন্তর্ভুক্ত করতে হবে।<br>**বাস্তবায়নে : সংশ্লিষ্ট কর্মকর্তা/প্রশাসন-৩ শাখা** |

| | | |
|---|---|---|
| ২.৩ | **ক্রয় ব্যবস্থাপনা :**<br>এ বিভাগের মোট ক্রয় সংশ্লিষ্ট প্যাকেজ সংখ্যা-৩৭টি। ইতোমধ্যে ১৬টি প্যাকেজ বাস্তবায়ন করা হয়েছে। ই-জিপিতে দাখিলকৃত ১০টি প্যাকেজের মধ্যে ৬টি প্যাকেজ ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ৪টি প্যাকেজের চাহিদা নিরূপণ করা হয়েছে। এ পর্যন্ত বরাদ্দকৃত অর্থের ৬৪% ব্যয় করা হয়েছে। | ১) সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা কর্তৃক প্রেরিত ক্রয় ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্যাদি কার্যপত্রে অন্তর্ভুক্ত করতে হবে।<br>**বাস্তবায়নে : প্রশাসন-২ শাখা** |
| ২.৪ | **অডিট :**<br>(১) ২০২০-২১ অর্থবছরের ৬টি অডিট আপত্তির মধ্যে ৪টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। ২টি অডিট আপত্তির জবাব প্রমাণকসহ পুনরায় প্রেরণের ০৬ মার্চ ২০২৩ তারিখে প্রশাসন-২ শাখাকে অনুরোধ জানানো হয়। অদ্যাবধি ২টি অনিষ্পন্ন অডিট আপত্তির জবাব প্রমাণকসহ বাজেট-২ শাখায় প্রেরণ করা হয়নি।<br>(২) ২০২১-২০২২ অর্থবছরে ৪টি অডিট আপত্তির মধ্যে ১টি অডিট আপত্তির জবাব ১১/১২/২০২৩ তারিখে আইটি ও জনসেবা অধিদপ্তরে প্রেরণ করা হয়। অবশিষ্ট ৩টি অডিট আপত্তির জবাব প্রেরণের জন্য ১১/০৯/২০২৩ তারিখে প্রশাসন-২ শাখাকে অনুরোধ করা হয়। | ১) ২০২০-২১ অর্থবছরের অনিষ্পন্ন ২টি অডিট আপত্তি এবং ২০২১-২২ অর্থবছরের অনিষ্পন্ন ৩টি অডিট আপত্তির কার্যপত্রে অন্তর্ভুক্ত করতে হবে।<br>**বাস্তবায়নে : বাজেট-২/প্রশাসন-৩ শাখা/বাজেট-২ শাখা** |
| ২.৫ | **ই-নথি :**<br>সভায় ই-নথির মাধ্যমে পত্র নিষ্পত্তির কার্যক্রম বিষয়ে বিশদ আলোচনা করা হয়। সভাকে জানানো হয়, শাখায় প্রাপ্ত অধিকাংশ পত্রসমূহ ই-নথিতে উপস্থাপন ও নিষ্পত্তিকরণ অব্যাহত আছে। | ১) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেলকে মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক ই-নথিতে নোট/নথি নিষ্পন্নের হার বৃদ্ধির নির্দিষ্ট তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে।<br>**বাস্তবায়নে : প্রশাসন-৩/আইসিটি সেল** |
| ২.৬ | **প্রশিক্ষণ :**<br>সভাকে জানানো হয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়ে এ বিভাগের কর্মচারীগণের চাহিদা মোতাবেক Need Based প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। এ পর্যন্ত ২-৯ গ্রেড- ৩০ ঘণ্টা, ১০ম গ্রেড- ২১ ঘণ্টা, ১১-১৬ গ্রেড- ১২ ঘণ্টা ও ১৭-২০ গ্রেড- ১৫ ঘণ্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ১০-২০ গ্রেডের কর্মচারীগণের জন্য সঞ্জীবনী প্রশিক্ষণ প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১) ইন-হাউজ প্রশিক্ষণ বিষয়ে গ্রেড ওয়ারি প্রশিক্ষণের চিত্র কার্যপত্রে যথাসময়ে অন্তর্ভুক্ত করতে হবে। এছাড়া কোন গ্রেডের কর্মকর্তা/কর্মচারী প্রশিক্ষণ বিষয়ে পিছিয়ে আছে কিনা তাও সভার কার্যপত্রে অন্তর্ভুক্ত করতে হবে।<br>**বাস্তবায়নে : প্রশাসন-১ শাখা** |
| ২.৭ | **ওয়েবসাইট হালনাগাদ :**<br>জানুয়ারি, ২০২৪ মাসে নোটিশ-১৫টি, অফিস আদেশ-১২টি, প্রজ্ঞাপন-৪৯টি, বিদেশ ভ্রমণের জি.ও.-২টি, অর্থ মঞ্জুরি-১টি, এনওসি- ৩টি, ভিসার শ্রেণি/বর্ধিতকরণের পত্র-২০৪টি, আগমনী ভিসা-২৩টি, পাসপোর্ট বহনের অনুমতিপত্র-২১০টি, নাগরিকত্ব পরিত্যাগ- ৬টি, সভার কার্যবিবরণী-৪টি, দরপত্র-৩টি, খবর-৯টি এবং এ বিভাগের সাথে সংশ্লিষ্ট কার্যক্রমের ২৭টি ছবিসহ মোট ৫৬৯টি তথ্য ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইট পুনর্বিন্যাস করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১) ওয়েবসাইট আপলোডকৃত তথ্যাদি হালনাগাদ করে তা কার্যপত্রে অন্তর্ভুক্ত করতে হবে।<br>**বাস্তবায়নে : আইসিটি সেল** |
| ২.৮ | **ইনোভেশন :**<br>(ক) ৩০ অক্টোবর ২০২৩ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ৩য় সভা (২০২৩-২৪ অর্থবছর) এ বিভাগের চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে।<br>(খ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১.৫.১ নং কর্মসম্পাদন সূচকের আওতায় ০২ জানুয়ারি ২০২৪ তারিখে 'স্মার্ট বাংলাদেশ বির্নিমাণ' শীর্ষক ৪র্থ সেমিনার অনুষ্ঠিত হয়েছে। তাছাড়া ইনোভেশন শোকেসিং এবং আরও ২টি ওয়ার্কশপ সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | ১) এ বিভাগের উদ্ভাবনী ধারণা কত ভাগ বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট কার্যক্রম কত দিনের মধ্যে বাস্তবায়ন করা হবে তা কার্যপত্রে অন্তর্ভুক্ত করতে হবে।<br>**বাস্তবায়নে : আইসিটি সেল** |

| | | |
|---|---|---|
| ২.৯ | **বিবিধ:**<br>(ক) বর্তমান সরকারের 'স্মার্ট বাংলাদেশ উন্নয়ন দৃশ্যমান বাড়বে এবার কর্মসংস্থান নির্বাচনী ইশতেহার-২০২৪' এর বিষয়ে সচিব, সুরক্ষা সেবা বিভাগের সভাপতিত্বে একটি সভা ৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br>(খ) সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবার বিপরীতে ফি নির্ধারণ/পুনঃনির্ধারণ কমিটির ১ম সভা অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) অনুবিভাগের সভাপতিত্বে ১১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে। | ১) 'স্মার্ট বাংলাদেশ উন্নয়ন দৃশ্যমান বাড়বে এবার কর্মসংস্থান নির্বাচনী ইশতেহার-২০২৪'–এ সুরক্ষা সেবা বিভাগের সংশ্লিষ্টতা এবং এর করণীয় সম্পর্কে সচিব মহোদয়কে অবহিত করার নিমিত্ত কার্যপত্রে অন্তর্ভুক্ত করতে হবে।<br>২) সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবার বিপরীতে ফি নির্ধারণ/পুনঃনির্ধারণ সম্পর্কে কার্যপত্রে অন্তর্ভুক্ত করতে হবে।<br>**বাস্তবায়নে: প্রশাসন-৩ শাখা/প্রশাসন অধিশাখা** |

৩। সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগের দৈনন্দিন কার্যক্রম যথাসময়ে সম্পাদন করার উপর বিশেষভাবে গুরুত্বারোপ করেন। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ খায়রুল কবীর মেনন
অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সুরক্ষা
সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১১.০০১.২৪.১৮২

তারিখ: ২ ফাল্গুন ১৪৩০
১৫ ফেব্রুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ

৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ

মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব